



আমতলী ডিগ্রি কলেজে সন্ত্রাসীদের হামলা

২ শিক্ষকসহ ৬ জন আহত বন্ধ ঘোষণা ॥ বিক্ষোভ

আমতলী থেকে নিজস্ব সংবাদদাতা : এক কলেজছাত্রীকে প্রেম নিবেদনের ঘটনাকে কেন্দ্র করে গত ২৮শে জানুয়ারি সকালে আমতলী ডিগ্রি কলেজ হোস্টেলে একদল সন্ত্রাসী হামলা চালায়। এ ঘটনায় দু'জন প্রভাষকসহ ৬ জন আহত হয়েছেন। ২৯শে জানুয়ারি কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন। হামলার প্রতিবাদে ছাত্র-শিক্ষক সমাজ শহরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করেছেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, কলেজের এক ছাত্রীর সাথে বহিরাগত এক ছাত্রের প্রেম নিবেদনের ঘটনাকে কেন্দ্র করে ছাত্রাবাসে ছাত্র ও শিক্ষকের বাকবিতণ্ডার এক পর্যায়ে উত্তেজিত কিছু ছাত্রের হাতে

কলেজ প্রভাষক মো. রফিকুল ইসলাম (৩৫) ও নুরুল হুদা (১৮) লাঞ্চিত হন। এ ঘটনার কথা দ্রুত কলেজ ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষ বেধে যায়। দফায় দফায় সংঘর্ষে মো. জসীম উদ্দিন (২২), মিজানুর রহমান (২৩), কিরণ আবির (২০), আবু সাইদ (২১), সাইদুর (২২) আহত হয়েছে। শিক্ষকসহ আহত ছাত্রদের আমতলী হাসপাতালে ভর্তি করা হয়। পরিচালনা কমিটি জরুরি সুভায় অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছে। শিক্ষকদের ওপর হামলার প্রতিবাদে ছাত্র-শিক্ষক ও কর্মচারীরা বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করেন। এ ঘটনার পর থেকে আমতলী পৌর শহরে উত্তেজনা বিরাজ করছে।